

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং-১৩.০১.০০০০.০৩২.২৮.৩৪৯.৯৭(অংশ-০২)- ৫৪৩(৫)

তারিখঃ ২৭/০৯/২০২০খ্রিঃ

বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগ ও খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বিধিসম্মত ও সঠিকভাবে পদবি ও কর্মস্থল ব্যবহার।

সূত্রঃ প্রশাসন বিভাগ এর পত্র নং ৬১৩(১৩৫০), তারিখ ২৫/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থিত স্মারকের আদেশের শ্রেণিক্রমে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে বিভিন্ন দপ্তরে চলতি দায়িত্ব, অতিরিক্ত দায়িত্ব, ভারপ্রাপ্ত কর্মকর্তা, আহরণ ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বিধিসম্মতভাবে ও সঠিকভাবে তাদের পদবি ও কর্মস্থল উল্লেখ করার জন্য সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন কতিপয় সহকারী খাদ্য নিয়ন্ত্রক/সহকারী ব্যবস্থাপক/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক যাদেরকে আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়/ ব্যবস্থাপকের কার্যালয় এর দায়িত্ব প্রদান করা হয়েছে; তারা আহরণ ও ব্যয়ন কর্মকর্তার পরিবর্তে জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)/ব্যবস্থাপক এর সীল ব্যবহার করে অফিসিয়াল বিভিন্ন চিঠিপত্র জারি করছেন। তাদের ব্যক্তিগত ফেইসবুক পেজ -এ ছবি ও লেখাসহ পোস্টও করে থাকেন। যা বিধি সম্মত নয়। এ বিষয়ে সূত্রস্থ স্মারকে মহাপরিচালক এর স্বাক্ষরে পরিপত্র জারি করা হয়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের বিধিসম্মত ও সঠিকভাবে পদবি ও কর্মস্থল ব্যবহার সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক দায়িত্বশীলতার পরিচয় প্রদানের জন্য সকলকে অনুরোধ করা হলো। পাশাপাশি সংশ্লিষ্ট সহকারী ব্যবস্থাপকগণকে বর্ণিত নির্দেশনা মোতাবেক নিম্নরূপভাবে পদবি ব্যবহারের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলোঃ

সহকারী ব্যবস্থাপকদের জন্যঃ

কর্মকর্তার নাম  
পদবি, সিএসডি'র নাম  
ও  
আহরণ ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্বপ্রাপ্ত  
ব্যবস্থাপকের কার্যালয়, সিএসডি'র নাম, জেলার নাম

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

সহকারী ব্যবস্থাপক(সকল)

.....সিএসডি

(মামুন আল মোর্শেদ চৌধুরী)

উপ-পরিচালক (সংস্থাপন)

ফোন-৯৫৬১২০৯

e-mail: dd.est@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩২.২৮.৩৪৯.৯৭- ৫৪৩(৫)

তারিখঃ ২৭/০৯/২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।

২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।

৪। অফিস কপি।

৫। মাস্টার কপি।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)

উপ-পরিচালক (সংস্থাপন)

ফোন-৯৫৬১২০৯

e-mail: dd.est@dgfood.gov.bd